গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
**(মার্কেটিং শাখা)**
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নং: ৩৫.০৫.০০০০.০০০.০০৮.১৮.০০৭১.২৫-১১০৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে নির্ধারিত স্থানে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা প্রদানের লক্ষ্যে ভাড়া/ইজারা বিজ্ঞপ্তি সংশোধন এবং আবেদনপত্র সংগ্রহ, দাখিল ও উন্মুক্তকরণের সময়সীমা বৃদ্ধি**

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় রক্ষণাবেক্ষণ ও পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর ১৬টি মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে নির্ধারিত স্থানে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য "ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর বাণিজ্যিক স্পেস ভাড়া/ইজারা নীতিমালা-২০২৩ (১ম সংশোধনীসহ)" অনুযায়ী ভাড়া/ইজারা প্রদানের লক্ষ্যে ০৯ অক্টোবর ২০২৫ তারিখের স্মারক নম্বর ৩৫.০৫.০০০০.০০০.০০৮.১৮.০০৭১.২৫-৯৫১ মোতাবেক ১০ অক্টোবর ২০২৫ তারিখে দৈনিক প্রথম আলো ও The New Age পত্রিকা এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ওয়েবসাইটে ভাড়া বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। বিজ্ঞপ্তির বিভিন্ন অংশে "আলোকিত Dynamic"-এর স্থলে অধিকতর স্পষ্টীকরণের নিমিত্ত "আলোকিত Digital Out-Of-Home (DOOH)" এবং শর্তাবলীর ক্রমিক নম্বর ৩২ সংযোজনপূর্বক আবেদনপত্র সংগ্রহের সময়সীমা ১১ নভেম্বর ২০২৫ তারিখের পরিবর্তে ২৬ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত এবং দাখিল ও উন্মুক্তকরণের সময়সীমা ১২ নভেম্বর ২০২৫ তারিখের পরিবর্তে ২৭ নভেম্বর ২০২৫ তারিখ নির্ধারণপূর্বক সময় বর্ধিত করা হলো।

০২/১১/২৫

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
**(মার্কেটিং শাখা)**
মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো
সোনারগাঁও জনপথ, সেক্টর: ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

## মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে আলোকিত ও অনালোকিত বিজ্ঞাপন স্পেস ভাড়া/ইজারা প্রদানের সংশোধিত শর্তাবলী

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | বিজ্ঞপ্তি নম্বর | : | ৩৫.০৫.০০০০.০০০.০০৮.১৮.০০৬৭.২৫-১১০৭ | | |
| ২. | ভাড়া/ইজারা প্রদানকারী সংস্থার নাম | | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড** | | |
| ৩. | ভাড়া/ইজারার স্থানসমূহ | : | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড** (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন **এমআরটি লাইন-৬ এর** উত্তরা উত্তর থেকে মতিঝিল পর্যন্ত ১৬টি মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে আলোকিত ও আনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য নির্ধারিত স্থান | | |
| ৪. | প্যাকেজ নম্বর, শিরোনাম ও বিবরণ | | **প্যাকেজ নম্বর** | **প্যাকেজের শিরোনাম** | **প্যাকেজের বিবরণ** |
| | | | ডিএমটিসিএল /২০২৫/স্টেশন বিজ্ঞাপন/০১ | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড** (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন **এমআরটি লাইন-৬** এর উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী **(মোট ৪টি স্টেশন)** মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে আলোকিত ও আনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য নির্ধারিত স্থান ভাড়া/ইজারা | **ক) উত্তরা উত্তর**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৫২টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৯৭.০৪ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস**<br>১) আলোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১২টি স্থান, যার আয়তন প্রায় ৫৬.৭১ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৩৬টি স্থান, আয়তন প্রায় ১৩৩.১৩বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪টি নির্ধারিত স্থান যার আয়তন প্রায় ৭.২ বর্গমি<br><br>**খ) উত্তরা সেন্টার**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৫৫টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৮২.৪৬ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১২টি স্থান, যার আয়তন প্রায় ৪৯.৭৬ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৩৫টি স্থান, আয়তন প্রায় ১১৬.৪ বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ৮টি নির্ধারিত, স্থান যার আয়তন প্রায় ১৬.৩ বর্গমি<br><br>**গ) উত্তরা দক্ষিণ**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৫৪টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৮৬.১৯ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১২টি স্থান, যার আয়তন প্রায় ৫০.৮৬ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৩৪টি স্থান, আয়তন প্রায় ১১৭.৭৭ বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ৮ টি নির্ধারিত, স্থান যার আয়তন প্রায় ১৭.৫৬ বর্গমি<br>**ঘ) পল্লবী**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৬১টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৯৩.৭২ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১২টি স্থান, আয়তন প্রায় ৫০.৮৬ বর্গমি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | ২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য ৩৮টি স্থান, আয়তন প্রায় ১২৩.০৬ বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১১ টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৯.৮ বর্গমি |
| | | | ডিএমটিসিএল /২০২৫/স্টেশন বিজ্ঞাপন/০২ | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর মিরপুর- ১১, মিরপুর-১০, কাজিপাড়া ও শেওড়াপাড়া **(মোট ৪টি স্টেশন)** মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে আলোকিত ও আনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য নির্ধারিত স্থান ভাড়া/ইজারা | **ক) মিরপুর-১১**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৫৭টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৯৪.২৩ বর্গমিটার, তন্মধ্যে:<br><br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ১১ টি স্থান, আয়তন প্রায় ৪২.৬৫ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৩৬টি স্থান, আয়তন প্রায় ১৩৩.৫৮বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১০টি স্থান, যার আয়তন প্রায় ১৮ বর্গমি<br><br>**খ) মিরপুর-১০**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৫২টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৯৯.৯১ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ১২টি স্থান, আয়তন প্রায় ৪৯.৫২ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য নির্ধারিত ২৮টি স্থান, আয়তন ১২৮.৭৮ বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১২ টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২১.৬ বর্গমি<br>**গ) কাজীপাড়া**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৫৭টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২০১.৫৯ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ৯টি স্থান, আয়তন প্রায় ৩৯.৫৬ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪০টি স্থান, আয়তন প্রায় ১৪৫.৬৩বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ৮ টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৬.৪ বর্গমি<br><br>**ঘ) শেওড়াপাড়া**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৬৫টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২১৫.৯২ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ১২টি স্থান, আয়তন প্রায় ৬৭.১০ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪২টি স্থান, আয়তন প্রায় ১২৯.০২ বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১১ টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৯.৮ বর্গমি |
| | | | ডিএমটিসিএল /২০২৫/স্টেশন বিজ্ঞাপন/০৩ | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর আগারগাঁও, বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজার **(মোট ৪টি স্টেশন)** | **ক) আগারগাঁও**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৬৪টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৯৫.৩৪ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ৮টি স্থান, যার আয়তন প্রায় ৩৩ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪৪টি স্থান, আয়তন প্রায় ১৩২.০৭বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১২ টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ৩০.২৭ বর্গমি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে আলোকিত ও আনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য নির্ধারিত স্থান ভাড়া/ইজারা | **খ) বিজয় সরণি**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৬৩টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২৩৫.৯৫ বর্গমিটার, তন্মধ্যে:<br>**<u>আলোকিত বিজ্ঞাপন স্পেস:</u>**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ১২টি স্থান, যার আয়তন প্রায় ৫১.০৬ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪৩টি স্থান, আয়তন প্রায় ১৬৬.০৯ বর্গমি<br>**<u>অনালোকিত বিজ্ঞাপন স্পেস:</u>** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ৮টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৮.৮ বর্গমি<br><br>**গ) ফার্মগেট**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৭১টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২৮৩.৮৪ বর্গমিটার, তন্মধ্যে:<br>**<u>আলোকিত বিজ্ঞাপন স্পেস:</u>**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ৯টি স্থান, আয়তন প্রায় ৯৯.৮৩ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৫৬টি স্থান, আয়তন প্রায় ১৭০.৬৫ বর্গমি<br>**<u>অনালোকিত বিজ্ঞাপন স্পেস</u>:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ৬টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৩.৩৬ বর্গমি<br><br>**ঘ) কারওয়ান বাজার**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৮১টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ৩২৫.৬৩ বর্গমিটার, তন্মধ্যে:<br>**<u>আলোকিত বিজ্ঞাপন স্পেস:</u>**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ২০ টি স্থান, আয়তন প্রায় ১১৫.৫৯ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৫১টি স্থান, আয়তন প্রায় ১৯২.৫৭ বর্গমি<br>**<u>অনালোকিত বিজ্ঞাপন স্পেস:</u>** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১০টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৭.৪৭ বর্গমি |
| | | | ডিএমটিসিএল /২০২৫/স্টেশন বিজ্ঞাপন/০৪ | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড** (ডিএমটিসিএল)-এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল **(মোট ৪টি)** মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে আলোকিত ও আনালোকিত বিজ্ঞাপন প্রদর্শনের জন্য নির্ধারিত স্থান ভাড়া/ইজারা | **ক) শাহবাগ**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৭৭টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২৫০.৭২ বর্গমিটার, তন্মধ্যে:<br>**<u>আলোকিত বিজ্ঞাপন স্পেস:</u>**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ১২টি স্থান, আয়তন প্রায় ৫৩.২৬ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪১টি স্থান, আয়তন প্রায় ১৫০.৪৬ বর্গমি<br>**<u>অনালোকিত বিজ্ঞাপন স্পেস:</u>** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ২৪ টি নির্ধারিত স্থান যার আয়তন প্রায় ৪৭ বর্গমি<br><br>**খ) ঢাকা বিশ্ববিদ্যালয়**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৫৬টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ১৮৭.৮১ বর্গমিটার, তন্মধ্যে:<br>**<u>আলোকিত বিজ্ঞাপন স্পেস:</u>**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ১২টি স্থান, আয়তন প্রায় ৩৯.১৬ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪১টি স্থান, আয়তন প্রায় ১৩৯.৫৩ বর্গমি<br>**<u>অনালোকিত বিজ্ঞাপন স্পেস:</u>** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ৩টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ৯.১২ বর্গমি<br><br>**গ) বাংলাদেশ সচিবালয়**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৭৫টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২৩৫.৬৬ বর্গমিটার, তন্মধ্যে:<br>**<u>আলোকিত বিজ্ঞাপন স্পেস:</u>**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ১২টি স্থান, আয়তন প্রায় ৪৪.৬২ বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪৩টি স্থান, আয়তন প্রায় ১৫২.৩১ বর্গমি |

| | | | |
|---|---|---|---|
| | | | **অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ২০টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ৩৮.৭৪ বর্গমি<br><br>**ঘ) মতিঝিল**<br>স্টেশনের অভ্যন্তরে আলোকিত/অনালোকিত বিজ্ঞাপনের জন্য প্রায় ৭০টি নির্ধারিত স্থান, যার আয়তন প্রায় ২০৮.৯৯৪ বর্গমিটার, তন্মধ্যে:<br>**আলোকিত বিজ্ঞাপন স্পেস:**<br>১) আলোকিত **Static বিজ্ঞা**পনের জন্য প্রায় ৬টি স্থান, যার আয়তন প্রায় ২৪.১৩বর্গমি<br>২) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** বিজ্ঞাপনের জন্য প্রায় ৪৯টি স্থান, আয়তন প্রায় ১৫৭.২৩ বর্গমি<br>**অনালোকিত বিজ্ঞাপন স্পেস:** স্টেশনের অভ্যন্তরে অনালোকিত **Static** বিজ্ঞাপনের জন্য প্রায় ১৫ টি নির্ধারিত স্থান যার আয়তন প্রায় ২৭.৬৪ বর্গমি |
| ৫. | ভাড়া/ইজারার মেয়াদ | : | ইজারার মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর, শর্তসাপেক্ষে উভয় পক্ষের সম্মতিতে বছরভিত্তিক এক বা একাধিক মেয়াদে নবায়নযোগ্য; |
| ৬. | আবেদনপত্রের মূল্য | : | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্যাকেজ প্রতি ৭,০০০/- (সাত হাজার) টাকা **পে-অর্ডার** (অফেরতযোগ্য) পরিশোধ করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে; |
| ৭. | ভাড়া/ইজারা পদ্ধতি | : | উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্র পদ্ধতিতে ভাড়া/ইজারা গ্রহীতা নির্বাচন করা হবে; |
| ৮. | আবেদনপত্র সংগ্রহের তারিখ | : | ১২/১০/২০২৫ হতে ২৬/১১/২০২৫ তারিখ পর্যন্ত (অফিস চলাকালে); |
| ৯. | আবেদনপত্র সংগ্রহের স্থান | : | মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ সড়ক, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; |
| ১০. | আবেদন দাখিল পূর্ববর্তী ব্রিফিং সভার তারিখ, সময় ও স্থান | : | ৩০/১০/২০২৫ তারিখ, সকাল ১০.০০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; |
| ১১. | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ, সময় ও স্থান | : | ২৭/১১/২০২৫ তারিখ, বিকাল ০৩.০০ ঘটিকা; ফ্রন্ট ডেস্ক, মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; |
| ১২. | আবেদনপত্র উন্মুক্ত করার তারিখ, সময় ও স্থান | : | ২৭/১১/২০২৫ তারিখ, বিকাল ৩.৩০ ঘটিকা; ডিএমটিসিএল সম্মেলন কক্ষ (লেভেল-৫), মেট্রোরেল ভবন, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; |
| ১৩. | আগ্রহী প্রতিষ্ঠানের ন্যূনতম যোগ্যতা | : | আগ্রহী ভাড়া/ইজারা গ্রহীতার নিম্নলিখিত ন্যূনতম যোগ্যতাসমূহ থাকতে হবে এবং আবেদনপত্র দাখিলের সময় সংযুক্ত করতে হবে: ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স; খ) আয়কর পরিশোধের হালনাগাদ প্রমাণক; গ) VAT রেজিস্ট্রেশন সার্টিফিকেট; ঘ) বিজ্ঞাপন বিষয়ে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতার প্রমাণক; ঙ) ভাড়া/ইজারা গ্রহীতার বিগত ০২ (দুই) বছরের গড় বার্ষিক টার্নওভার ন্যূনতম ১ (এক) কোটি টাকা; চ) ভাড়া/ইজারা গ্রহীতার সহজলভ্য সম্পদ (Liquid Asset) ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা; এবং ছ) আর্থিক স্বচ্ছলতার সনদপত্র; |
| ১৪. | প্রস্তাব জামানত | : | প্রতিটি প্যাকেজের জন্য **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে বাংলাদেশের কোনো তফসিলি ব্যাংক হতে ৫ (পাঁচ) লক্ষ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে, যা ফেরতযোগ্য; |
| ১৫. | নিরাপত্তা জামানত | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ৭ (সাত) দিন পূর্বে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর অনুকূলে বার্ষিক চুক্তি মূল্যের ১০% এর সমপরিমান অর্থ ব্যাংক গ্যারান্টি হিসেবে Performance Security বাবদ ১ম পক্ষের নিকট জমা প্রদান করবে। ব্যাংক গ্যারান্টির মেয়াদ চুক্তির মেয়াদ সমাপ্তির ন্যূনতম ৩০(ত্রিশ) দিন পর পর্যন্ত বলবৎ থাকবে। চুক্তি মেয়াদ শেষে (প্রযোজ্য ক্ষেত্রে কোনো প্রয়োজনীয় পাওনা আদায় সাপেক্ষে) উক্ত ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদান করা হবে; |
| ১৬. | চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন ও চুক্তি সম্পাদন | | সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানকে এই বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান আমন্ত্রণপত্রে উল্লিখিত তারিখে/তারিখের মধ্যে চুক্তি সম্পাদনে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্তসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পর্যায়ক্রমে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে চুক্তি সম্পাদনের জন্য আহবান করা হবে। উল্লেখ্য, প্রয়োজনে ডিএমটিসিএল-এর সর্বোচ্চ স্বার্থ রক্ষা নিশ্চিত করার জন্য দর প্রস্তাবকারী প্রতিষ্ঠানের সাথে Negotiation-পূর্বক চূড়ান্তভাবে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে; |
| ১৭. | অগ্রিম ভাড়া | | নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের ন্যূনতম ০৭ (সাত) দিন পূর্বে এককালীন ০১ (এক) বছরের ভাড়া ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর অনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে। একইসাথে ভাড়া গ্রহীতাকে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট, আয়কর বা সরকারি অন্যান্য ফি ডিএমটিসিএল-এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করে প্রমাণক দাখিল করতে হবে; |
| ১৮. | বিজ্ঞাপনের স্থান ও পরিমাপ চূড়ান্তকরণ | | প্রাথমিক ধারণা অর্জনের লক্ষ্যে এই বিজ্ঞপ্তিতে ন্যূনতম হিসেবে স্টেশনভিত্তিক বিজ্ঞাপনের স্পট সংখ্যা ও পরিমাপ উল্লেখ করা হয়েছে। তবে চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে ডিএমটিসিএল (DMTCL) কর্তৃক বিজ্ঞাপনের ক্যাটাগরিভিত্তিক স্পট সংখ্যা ও পরিমাপ চূড়ান্তভাবে নির্ধারণ করা হবে হবে; |

| | | | |
|---|---|---|---|
| ১৯. | বিজ্ঞাপনের ক্যাটাগরিভিত্তিক মূল্য নির্ধারণ | | ক্যাটাগরি-<br>ক. আলোকিত: ১) আলোকিত **Digital Out-Of-Home(DOOH)** ও ২) আলোকিত Static<br>খ. অনালোকিত: ১) অনালোকিত Static<br>আবেদনকারী প্রতিষ্ঠানকে আবেদনপত্রে উপর্যুক্ত **৩টি ক্যাটাগরিভিত্তিক মূল্য স্কয়ার মিটারে ভিন্নভাবে** উল্লেখ করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে ডিএমটিসিএল কর্তৃক বিজ্ঞাপনের স্পট ও পরিমান চূড়ান্ত হওয়ার পর ক্যাটাগরিভিত্তিক প্রকৃত আয়তন ও সংখ্যার ভিত্তিতে মোট মূল্য সমন্বয় করা হবে; |
| ২০. | বিজ্ঞাপনের স্পট/সংখ্যা বৃদ্ধিকরণ/পরিবর্তন | | চূড়ান্তভাবে ক্যাটাগরিভিত্তিক বিজ্ঞাপনের স্পট নির্ধারণ হওয়ার পর পরবর্তীতে ইজারা গ্রহীতা প্রতিষ্ঠান স্টেশনের নির্ধারিত স্থানের মধ্যে আরও নতুন কোনো স্পটে বিজ্ঞাপন প্রদর্শনের ইচ্ছা পোষণ করলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিজ্ঞাপন প্রদর্শন করতে পারবে। এছাড়া নির্ধারিত স্থানের মধ্যে কর্তৃপক্ষ বিজ্ঞাপনের জন্য নতুন কোনো স্পট যুক্ত করতে চাইলে নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে সমন্বয়পূর্বক তা চূড়ান্ত করে সেখানে বিজ্ঞাপন প্রদর্শন করা যাবে। অধিকন্তু কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো নির্ধারিত স্পট বিজ্ঞাপন থেকে বাদ দিতে পারবে। সকল ক্ষেত্রেই ক্যাটাগরিভিত্তিক দর অনুসারে ভাড়া সমন্বয় করা হবে; |
| ২১. | নান্দনিকতার প্রাধান্য | | মেট্রোরেল একটি আধুনিক গণপরিবহন ব্যবস্থা। মেট্রোরেল স্টেশনের অভ্যন্তরে যে কোনো ক্যাটাগরির বিজ্ঞাপন প্রদর্শনের ক্ষেত্রে সর্বোচ্চ মান ও আধুনিকতা বাজায় রাকতে হবে; |
| ২২. | যোগাযোগের ঠিকানা | : | মেট্রোরেল ভবন, লেভেল-৩, কক্ষ নম্বর-৩১৯, সোনারগাঁও জনপথ সড়ক, সেক্টর- ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০; মোবাইল নম্বর: ০১৭২২৯৩৭২২২, ই-মেইল: **ammarketing@dmtcl.gov.bd** |
| ২৩. | **অন্যান্য শর্তাবলী:** | | |
| ২৪. | নির্ধারিত আবেদন ফরম মোতাবেক ভাড়া গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে তার নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করতে হবে; | | |
| ২৫. | আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদনের সাথে জমাকৃত সকল দলিলাদির প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে এবং সীলগালাকৃত খামে আবেদনপত্র দাখিল করতে হবে; | | |
| ২৬. | প্রতিষ্ঠানের নাম, অফিসের ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, ইমেইল ইত্যাদি অবশ্যই সংশ্লিষ্ট খামের উপর উল্লেখ করতে হবে; | | |
| ২৭. | একাধিক প্রতিষ্ঠান সমান দরপ্রস্তাব করলে বা অন্য যে কোনো যৌক্তিক কারণে কর্তৃপক্ষ পুনঃদরপ্রস্তাব (Revised Price Quotation) আহবান করতে পারবে; | | |
| ২৮. | মূল্যায়ন প্রক্রিয়ায় সফলকাম প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণ জানানোর পূর্বে উক্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাই কালে কোনো জাল-জালিয়াতি পরিলক্ষিত হলে প্রস্তাব বাতিল বলে গণ্য হবে এবং প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে; | | |
| ২৯. | **আগ্রহী প্রতিষ্ঠান একক/একাধিক/সকল প্যাকেজের জন্য আবেদনপত্র দাখিল করতে পারবে;** | | |
| ৩০. | আবেদনপত্র মূল্যায়নের সময় গাণিতিক ভুল যথা একক মূল্য অংক এবং কথায় এর মধ্যে ভিন্নতা পাওয়া গেলে কথায় লেখাকে সঠিক বলে ধরে নেওয়া হবে; | | |
| ৩১. | স্টেশনসমূহে যথাসম্ভব আলোকিত বিজ্ঞাপন প্রদর্শনে অধিক গুরুত্ব প্রদান করতে হবে। তবে বিদ্যুৎ সংযোগ প্রদানের সীমাবদ্ধতা, স্টেশনের নিরাপত্তা বা অন্য কোনো যৌক্তিক কারণে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত স্থানে অনালোকিত বিজ্ঞাপন প্রদর্শন করতে হবে; | | |
| ৩২. | **আলোকিত Digital Out-Of-Home(DOOH) বিজ্ঞাপন প্রদর্শনের ক্ষেত্রে P2 ও P3-এ দুই ধরণের LED ব্যবহার করতে হবে। তবে P2- এর পরিমান হবে সর্বনিম্ন ৭০% এবং P3- এর পরিমান হবে সর্বোচ্চ ৩০%। আলোকিত Static বিজ্ঞাপনের ক্ষেত্রে এ্যালুমিনিয়াম ফ্রেম/স্ট্রাকচার ব্যবহার করতে হবে;** | | |
| ৩৩. | যাত্রিগণের নিরাপত্তা বিবেচনায় যাত্রি লিফট ও এস্কেলেটর-এর সম্মুখভাগে বিজ্ঞাপনের জন্য নির্ধারিত স্থানে Static বিজ্ঞাপন প্রদর্শন করতে হবে; | | |
| ৩৪. | বিজ্ঞপ্তি ও চুক্তিপত্রে উল্লিখিত শর্তাবলী ছাড়াও ডিএমটিসিএল এর ভাড়া/ইজারা নীতিমালা ২০২৩ (১ম সংশোধনীসহ) এ উল্লিখিত শর্তাবলীও সমভাবে প্রযোজ্য হবে; | | |
| ৩৫. | প্রতি বছর ভাড়া পূর্ববর্তী বছরের উপর ১০% চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পাবে; | | |
| ৩৬. | সকল যোগাযোগ লিখিত আকারে হতে হবে এবং তা পত্রযোগে বা ই-মেইল এর মাধ্যমে হবে; | | |
| ৩৭. | কোনো প্রতিষ্ঠান প্রয়োজনে Joint Venture-এ আবেদন করতে পারবে। সেক্ষেত্রে আবেদনপত্র ক্রয়, দাখিল, ডিএমটিসিএল-এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরসহ সকল যোগাযোগ লিড ফার্ম করবে। লিড ফার্মের জন্য অত্র শর্তাবলীর ১৩ নম্বর ক্রমিকে উল্লিখিত সকল প্রমাণক আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে দাখিল করতে হবে। তবে লিড ফার্ম ব্যতীত Joint Venture-এ অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠানের জন্য আবেদনপত্রের সাথে শুধুমাত্র ১৩ ক্রমিকের ক, খ, গ ও ছ নম্বরে উল্লিখিত প্রমাণক দাখিল করতে হবে। উল্লেখ্য, একসাথে ৩টি প্রতিষ্ঠানের বেশি Joint Venture করা যাবে না; | | |
| ৩৮. | নিম্নোক্ত কারণসমূহের জন্য প্রস্তাব জামানত বাজেয়াপ্ত করা হবে;<br>ক) উন্মুক্তকরণের পরে কোনো প্রতিষ্ঠান দাখিলকৃত প্রস্তাব প্রত্যাহার করলে;<br>খ) দর প্রস্তাবের গাণিতিক ভুল সংশোধনে অস্বীকৃতি জানালে;<br>গ) চুক্তি স্বাক্ষরের আমন্ত্রণপত্র জারীর পরে নির্ধারিত সময়ে নিরাপত্তা জামানত এবং ১ বছরের ভাড়া প্রদানে ব্যর্থ হলে;<br>ঘ) চুক্তি স্বাক্ষরে ব্যর্থ হলে;<br>ঙ) কোনোরূপ জাল জালিয়াতি প্রমানিত হলে; | | |
| ৩৯. | কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোন সময় যেকোনো ভাড়ার প্রস্তাব/বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। | | |

০৫/১১/২৫

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: +৮৮০২-৫৫৬৬৯০১২